ঝিনাইদহে ডিম দিবস পালিত

ঝিনাইদহে ডিম দিবস উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও বিনামুল্যে সিদ্ধ ডিম বিতরণ করা হয়েছে। এবারের ডিম দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল “ডিমে আছে প্রোটিন, খেতে হবে প্রতিদিন।”

ঝিনাইদহ জেলা প্রাণিসম্পদের আয়োজনে দিবসটি পালিত হয়। আজ শুক্রবার সকালে জেলা প্রাণি সম্পদ কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে শহর প্রদক্ষিণ করে একই জায়গায় এসে শেষ হয়। র্যালি শেষে জেলা প্রাণিসম্পদ কার্যালয়ের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃএ.এস.এম আতিকুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ভেটেরিনারি কর্মকর্তা ডা: সঞ্জিব কুমার বিশ্বাস, দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক আলাউদ্দিন আজাদ, ঝিনাইদহ কৃষি সম্প্রসারনের উপ-পরিচালক মোঃ কামরুজ্জামান। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ঝিনাইদহ সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: মোঃ রেজাউল করিম। এসময় আরো বক্তব্য রাখেন, ঝিনাইদহ সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডাঃজহির রায়হান ঝিনাইদহ পোল্টি মালিক সমিতির সভাপতি হামিদুর রহমান।

অনুষ্ঠানটি প্রেজেন্টেশন করেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ জিল্লুর রহমান। এছাড়া ৬টি উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী, বিভিন্ন কোম্পানীর প্রতিনিধিগণ ও পোল্ট্রি মালিক সমিতির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আলোচনা অনুষ্ঠান শেষে পথচারীদের মাঝে বিনামুল্যে সিদ্ধ ডিম বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় জাতীয় শিশু কন্যা দিবস পালিত

আলমডাঙ্গা মহিলা দপ্তরের আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। গতকাল আলমডাঙ্গা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে বিকাল ৪ টার সময় এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। “আমি কন্যাশিশু—স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি”—এই প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে সারাদেশের ন্যায় আলমডাঙ্গাতেও পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু।

আলমডাঙ্গা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাকছুরা জান্নাতের উপস্থাপনয় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম।

তিনি তার বক্তব্যে বলেন, ‘আজকে সময় এসেছে আমাদের কন্যা শিশুদের সকল বৈষম্য দুর করে তাদের আগামীর ভবিষ্যতের উন্নয়ন অগ্রগতির রাস্তা তৈরি করে দিতে হবে। তিনি সকল কন্যা শিশুর সাফল্য কামনা করেন।’

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সমাজসেবা কর্মকর্তা সাজ্জাদ হোসেন, বিআরডিবি কর্মকর্তা সেলিম রেজা, হারদী হাসপাতালের ওসিসি হিরোজ কবির, নারী উদ্যোক্তা হেলেন আক্তার কামনা প্রমুখ। সভায় উপস্থিত ছিলেন, বিভিন্ন সংগঠনের নারী নেতৃবৃন্দরা।

মুজিবনগরে জাতীয় কন্যা শিশু দিবস পালিত

“আমি কন্যাশিশু, স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় কন্যা শিশু দিবস।

বুধবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে দিবসটি উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে এক

আলোচনা সভার আয়োজন করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা-র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

অফিস সহকারী নয়নতারা নিশাতের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দীন আল আজাদ, শিক্ষা অফিসার হাফিজুর রহমান, মেডিকেল অফিসার ডা. তাসনুভা তাবাচ্ছুম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং কিশোর-কিশোরী ক্লাবের আবৃত্তি শিক্ষক রুম্পা খাতুন প্রমুখ।

এর আগে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে কন্যা শিশু দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।
র্যালিতে উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষকতা পেশাঃ মিলিত প্রচেষ্টার দীপ্তি এই স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষ্যে গতকাল রবিবার র্যালি ও আলোচনা সভার আয়োজন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।

জানা যায়, সারা দেশের ন্যায় কোটচাঁদপুরেও বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটি পালনে সকালে উপজেলা চত্বর থেকে র্যালি বের করা হয়। এরপর র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে উপজেলায় এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় শিক্ষক দিবসের উপর আলোচনা সভা।

সভায় সভাপতিত্ব করেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক কুমার। আলোচনা সভায় বক্তব্য রাখেন, খন্দকার মোশারফ হোসেন

কলেজের প্রভাষক রফিকুল আলম, কোটাচঁদপুর পৌর মহিলা কলেজে ভার প্রাপ্ত অধ্যক্ষ শহিদুজ্জামান তুহিন,প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার মিঠুন কুমার দাস, বলাবারিয়া মাদ্রাসা সুপার জহুরুল ইসলাম, বড়বাহনদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবুল জোদ্দার, খালিশপুর মাদ্রাসার শিক্ষক আবুল কালাম আজাদ।

উপজেলা মাধ্যমিক একাডেমী সুপারভাইজার ফারুক হোসেনের সঞ্চালনায় বক্তারা বলেন, শিক্ষকদের হাতেই গড়ে ওঠে জাতির ভবিষ্যৎ। তাই তাদের মর্যাদা রক্ষা ও দক্ষতা উন্নয়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। প্রযুক্তিনির্ভর যুগে শিক্ষকদের দায়িত্ব আরও বেড়েছে। শিক্ষার্থীদের জ্ঞান ও মানবিকতায় গড়ে তোলাই এখন মূল লক্ষ্য। তাই শিক্ষার্থীদের জ্ঞান, নৈতিকতা ও মানবিকতায় গড়ে তুলতে প্রতিটি শিক্ষককে এগিয়ে আসার আহ্বান জানান শিক্ষকরা।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকালে জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম। সভা সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম।

এ বছরের প্রতিপাদ্য ছিল “শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টায় দীপ্ত।” প্রতিপাদ্যকে কেন্দ্র করে আলোচনায় অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রদীপ চন্দ্র শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, আমঝুপি আলিম

মাদ্রাসার সুপার মাহবুবুল আলম, আহমদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ শাহী উদ্দিন, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তৌহিদুল ইসলাম, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, সহকারী শিক্ষক দিলরুবা পারভিন, এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রকৌশলী মোহাম্মদ শফিউদ্দিন প্রমুখ।

আলোচনা শেষে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।

উপহারপ্রাপ্তদের মধ্যে ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের চিফ ইনস্ট্রাক্টর প্রকৌশলী শফিউদ্দিন, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রশিক্ষক টিপু সুলতান, আমঝুপি মাধ্যমিক বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর, আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাহবুব-উল আলম, সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মানিকনগর ডি.এস. আমিনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক শামীমা আক্তার, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান, এবং ইছাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জিমিনি খাতুন।

এর আগে সকালে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালে জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের উদ্যোগে

জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম। সভা সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম।

এ বছরের প্রতিপাদ্য ছিল “শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টায় দীপ্ত।”প্রতিপাদ্যকে কেন্দ্র করে আলোচনায় অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রদীপ চন্দ্র শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, আমঝুপি আলিম মাদ্রাসার সুপার মাহবুবুল আলম, আহমদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ শাহী উদ্দিন, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তৌহিদুল ইসলাম, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, সহকারী শিক্ষক দিলরুবা পারভিন, এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রকৌশলী মোহাম্মদ শফিউদ্দিন প্রমুখ।

আলোচনা শেষে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।
উপহারপ্রাপ্তদের মধ্যে ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের চিফ ইনস্ট্রাক্টর প্রকৌশলী শফিউদ্দিন, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রশিক্ষক টিপু সুলতান, আমঝুপি মাধ্যমিক বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর, আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাহবুব-উল আলম, সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মানিকনগর ডি.এস. আমিনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক শামীমা আক্তার, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান, এবং ইছাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জিমিনি খাতুন।

এর আগে সকালে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত

‘শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টার দীপ্তি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে আজ রোববার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, জেলা শিক্ষা অফিসার লুৎফর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোসনে আরাসহ শিক্ষকরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, শিক্ষকদের হাতেই গড়ে ওঠে জাতির ভবিষ্যৎ। তাই তাদের মর্যাদা রক্ষা ও দক্ষতা উন্নয়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। তারা আরও বলেন, প্রযুক্তিনির্ভর যুগে শিক্ষকদের দায়িত্ব আরও বেড়েছে—শিক্ষার্থীদের জ্ঞান ও মানবিকতায় গড়ে তোলাই এখন মূল লক্ষ্য। তাই শিক্ষার্থীদের জ্ঞান, নৈতিকতা ও মানবিকতায় গড়ে তুলতে প্রতিটি শিক্ষককে এগিয়ে আসার আহ্বান জানান।

আলমডাঙ্গায় তক্কেল সাধুর ১৫ তম তিরোধান দিবস পালিত

মানুষ ভজলে সোনার মানুষ হবি_ এই প্রতিপাদ্য বিষয় সামনে রেখে আলমডাঙ্গায় তক্কেল সাধুর ওফাত দিবস উৎযাপন উপলক্ষে ২ দিন ব্যাপি শুভ সাধুসঙ্গ অনুষ্ঠিত হয়েছে । আলমডাঙ্গায় প্রয়াত বাউল সাধক তক্কেল ফকিরের ১৫ তম ওফাত দিবস পালিত হয়েছে। গতকাল দিনব্যাপী

জামজামি তার নিজ আখড়াবাড়িতে সাধু সঙ্গ অনুষ্ঠিত হয়।

জানা গেছে, আলমডাঙ্গা চরপাড়া গ্রামের লালন ঘরোনার বাউল সাধক ইনতাজ শাহের ভক্ত ছিলেন এই তক্কেল সাধু। এই সাধু সঙ্গ অনুষ্ঠানে এলাকায় বহু সনামধন্য গুনী শিল্পী সাধকেরা সংগীত পরিবেশন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সাত্তার শাহ, আশকার শাহ, জফের শাহ, আমিরুল শাহ, রহমান শাহ, দয়াল শাহ সহ আরো অনেক বাউল সাধু গুরু উপস্থিত ছিলেন। উল্লেখ্য তিনি ২০১৩ সালের ২৯শে সেপ্টেম্বর পরপারে পাড়ি জমান। মৃত্যুকালে তাঁর বয়স ছিল ৮০ বছর।

ঝিনাইদহে বিশ্ব নদী দিবস পালিত

‘নদীর নাব্যতা বজায় রাখুন, আপনার পরিবেশকে রক্ষা করুন’ এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব নদী দিবস-২০২৫ পালিত হয়েছে।

রোববার বিকালে এ উপলক্ষে জেলা শহরের নবগঙ্গা নদীর পাড়ে ধোপাঘাটা ব্রিজ এলাকার আশে পাশের নদীর পাড় পরিস্কার পরিচ্ছন্ন ক্যাম্পেইন করা হয়।সেসময় উপস্থিত ছিলেন জেলা যুব ফোরামের সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক সোহানা, সাংগঠনিক সম্পাদক সজল পারভেজ বাপ্পি, যুগ্ন সাধারণ সম্পাদক মুহাইমিনুল ইসলাম, জেলা যুব ফোরামের সদস্য মাহারুন তন্নি, সুমি ইসলাম, নাহিদ হোসেন, জিসান আমিন বাপ্পি, তাহসিন ও সজল সহ স্থানীয় বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ। এই তারুণ্যে আগ্রহ ও শক্তিকে কাজে লাগিয়ে আমাদের নদী মাত্রিক বাংলাদেশকে পুরানো রুপে ফিরিয়ে আনার লক্ষ্য নিয়ে কাজ করা।

ঝিনাইদহে বিভিন্ন কর্মসুচীর মাধ্যমে জলাতংক দিবস পালিত

ঝিনাইদহে জলাতংক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হয়েছে। রবিবার (২৮ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ জেলা প্রাণি সম্পদ দপ্তরের আয়োজনে এসব কর্মসূচি পালন করা হয়। দিবসটি উপলক্ষে র্যালি, ফ্রি ভ্যাক্সিনেশন কর্মসূচী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসের শুরুতে অফিসের সামনে থেকে একটি র্যালি বের করা হয়, র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে পুনরায় জেলা প্রাণি সম্পদের কার্যলয়ে এসে শেষ হয়। সেখানে ফ্রি ভ্যাক্সিনেশন অনুষ্ঠিত হয়।

এরপর জেলা প্রাণিসম্পদ কার্যালয়ের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন ঝিনাইদহ সিভিল সার্জন ডা: মো: কামরুজ্জামান, বিশেষ অতিথি হিসেবে জেলা ভেটেরিনারি অফিসার ডা: সনজিৎ কুমার বিশ্বাস উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: এ.এম আতিকুজ্জামান। অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ সদর উপজেল প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: মো: রেজাউল করিম। জলাতংক দিবসের কনটেন্ট তৈরী করেন সদর উপজেলা ভেটেরিনারি সার্জন তারেক মুসা। এসময় আরো উপস্থিত ছিলেন জেলার ৬ টি উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তাবৃন্দ।